ইসরাইলের প্রতিরক্ষামন্ত্রী নাফতালি ব্যানেট এরই মধ্যে ওই অবৈধ বসতি স্থাপনের অনুমোদনও দিয়েছে। এবং হেবরন পৌর কর্তৃপক্ষের কাছে তার নতুন করে ওই অবৈধ বসতি গড়ার অনুমোদনের কাগজপত্র পাঠানো হয়েছে। আন্তর্জাতিক নিয়মনীতির তোয়াক্কা না করে একের পর এক অবৈধ বসতি গড়ে তুলছে এই ইহুদীবাদী সন্ত্রাসী রাষ্ট্র ইসরাইল।

হেবরনে এক লাখ ৬০ ফিলিস্তিনি মুসলমানের বসবাস। অন্যদিকে সেখানে গড়ে তোলা অবৈধ বসতিতে কড়া নিরাপত্তাবেষ্টনীর মধ্যে বাস করছে ৫০০ ইহুদি সেটেলার।

সূত্র: ইনসাফ২৪

ইসলামিক ফাউন্ডেশনে (ইফা) ইসলামী বই ছাপানোর নামে ১৭ কোটি টাকা লোপাটের ঘটনা সিভিল অডিট অধিদফতরের বিশেষ নিরীক্ষায় উদঘাটিত হয়েছে।

পবিত্র কুরআনুল কারীমের কপি কম ছাপিয়ে, আরবি ভাষা শিক্ষার টিচার্স গাইড না ছাপিয়ে ইফার মহাপরিচালক (ডিজি) লিখিত বইয়ের রয়্যালিটির নামে এই টাকা তছরুপ করা হয়েছে। এর মধ্যে এক লাখ কপি কুরআন শরিফ কম ছাপিয়ে হাতিয়ে নেয়া হয় প্রায় দুই কোটি টাকা।

ইফার ২০০৯-২০১৮ অর্থ বছরের ১০ বছরের এই নিরীক্ষায় ৯৬টি খাতে সর্বমোট ৭৯৬ কোটি ৭৮ লাখ টাকার অনিয়ম ধরা পড়ে। তার মধ্যে কুরআন শরিফ মুদ্রণসহ পাঁচটি খাতে ১৬ কোটি ৭০ লাখ ৪ হাজার টাকা আত্মসাৎ হয়েছে।

প্রেষণে নিয়োগপ্রাপ্ত বিচারিক কর্মকর্তা সামীম মোহাম্মাদ আফজল ২০০৯ সাল থেকে ইফার ডিজির দায়িত্ব পালন করে আসছে। আগামী ৩১ ডিসেম্বর তার সর্বশেষ চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ শেষ হবে।

সিভিল অডিট অধিদফতরের উপ-পরিচালক এম এম নিয়ামুল পারভেজের নেতৃত্বে ৬ সদস্যের টিম এই নিরীক্ষা পরিচালনা করে। এতে ইফার ১২টি কার্যালয়ের ২০০৯-১৮ সালের বরাদ্দ ও ব্যয় খতিয়ে দেখা হয়।

অডিট টিমের একজন সদস্য নাম প্রকাশ না করার শর্তে বলেন, ইফার বিরুদ্ধে আনীত কোনো অভিযোগের সন্তোষজনক জবাব পাওয়া যায়নি। তবে ফেরত দেওয়া অর্থ সমন্বয় করা হয়েছে। আরো কিছু ফেরত পেলে তাও সমন্বয় করা হবে। ইতোমধ্যেই এগ্রিড মিটিং হয়ে গেছে। ওখানেই খসড়া রিপোর্টটিই চূড়ান্ত হয়েছে। এর মধ্যে ছোটখাট কিছু পরিবর্তন করে চূড়ান্ত রিপোর্ট মন্ত্রণালয়ে জমা দেওয়া প্রক্রিয়াধীন।

রিপোর্টে অনিয়মের পুরো টাকা সরকারি কোষাগারে ফেরত প্রদান এবং অনিয়মের সাথে জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার সুপারিশ করা হয়েছে।

নিরীক্ষার প্রাথমিক প্রতিবেদনে ইফার ১৩৪টি খাতে প্রায় এক হাজার কোটি টাকার অনিয়মের অভিযোগের ব্যাপারে ইফার জবাব চাওয়া হয়। এরপর ইফা ডিজির পক্ষ থেকে কয়েক দফায়

প্রায় ৮২ কোটি টাকা সরকারি কোষাগারে ফেরত দেওয়াসহ জবাব দেয়। জবাবগুলো আবার খতিয়ে দেখে চূড়ান্ত খসড়া নিয়ে ধর্ম মন্ত্রণালয় ও ইফার কর্মকর্তাদের সাথে বৈঠকে বসে অডিট টিম এবং সেটি চূড়ান্ত করা হয়। এতে অনিয়মের খাতের সংখ্যা কমে আসলেও অনিয়মের টাকার অংকে বড় কোনো পরিবর্তন আসেনি।

২০১৭-১৮ আর্থিক সালে ৫ লাখ ৯৯ হাজার ৬৮০ কপি কুরআন সরবরাহের জন্য ইফার প্রেসকে সরাসরি কার্যাদেশ দেওয়া হয়। কিন্তু প্রেস থেকে ৫ লাখ কপি সরবরাহ করা হয়। কিন্তু ৫ লাখ ৯৯ হাজার ৬৮০ কপি মুদ্রণের বিল বাবদ ১১ কোটি ৬০ লাখ ৩৭ হাজার ৬০০ টাকা পরিশোধ করা হয়। এতে ১ কোটি ৯৪ লাখ ৩৭ হাজার ৬০০ টাকা আত্মসাতের ঘটনা ঘটে। এই আত্মসাতের বিষয়ে ইফা সন্তোষজনক জবাব দিতে না পারায় নিরীক্ষার সুপারিশে দায়ী কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া এবং আত্মসাতের টাকা সরকারি কোষাগারে জমা দিতে বলা হয়েছে।

সুত্রঃ ইনসাফ২৪

কথিত সুপ্রিম কোর্টের এফিডেভিট শাখায় সিসি ক্যামেরা বসানোর পরও অনিয়ম বন্ধ করা যাচ্ছে না বলে মন্তব্য করেছে প্রধান বিচারপতি তাগুত সৈয়দ মাহমুদ হোসেন।

আজ সোমবার (২ ডিসেম্বর) সকালে একটি মামলার শুনানিকে কেন্দ্র করে পাঁচ সদস্যের আপিল বেঞ্চে প্রধান বিচারপতি এই মন্তব্য করে।

অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম এ সময় আদালতে উপস্থিত ছিল।

নির্ধারিত মামলার শুনানি করতে গিয়ে অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম কথিত আদালতকে বলে, 'একটি মামলা আজ (সোমবার) তিন নম্বর সিরিয়ালে (আপিল বিভাগের কার্যতালিকায়) থাকার কথা। কিন্তু অদৃশ্যভাবে তা ৮৯ নম্বর সিরিয়ালে গেছে। কীভাবে গেল তা আপিল বিভাগের কাছে জানতে চায় সে।

এ সময় প্রধান বিচারপতি বলে, 'সিসি ক্যামেরা বসালাম (এফিডেভিট শাখা কক্ষে), এখন সবাই বাইরে এসে এফিডেভিট করে। সিসি ক্যামেরা বসিয়েও অনিয়ম রুখতে পারছি না।' এরপর অ্যাটর্নি জেনারেল বলে, 'অনেকেই মামলার তালিকা ওপর- নিচ করে কোটিপতি হয়ে গেছে।'

প্রধান বিচারপতি বলেছে, 'রাষ্ট্রপক্ষের অনেক আইনজীবীও আদালতে আসে না। বেতন বেশি হওয়ার কারণে এমন হচ্ছে।

বেতন কম হলে তারা ঠিকই কষ্ট করে আদালতে আসত। '

এরপর তাৎক্ষণিক এক আদেশে ডেপুটি রেজিস্ট্রার মেহেদী হাসানকে আপিল বিভাগে তলব করে প্রধান বিচারপতি। তবে মামলার সিরিয়াল করা নিয়ে মেহেদী হাসানের ব্যাখ্যায় ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে প্রধান বিচারপতির নেতৃত্বাধীন আপিল বিভাগ।

সূত্রঃ কালের কণ্ঠ

নিচে ভয়াবহ গভীরতা। মাত্র একটি বাঁশে ভর করে প্রচণ্ড ঝুঁকি নিয়ে যাতায়াত করছে মানুষ। দীর্ঘদিন ধরে এভাবে চললেও সংযোগ সড়কটি মেরামত করা হয়নি। গত শুক্রবার মেলান্দহের মাহমুদপুর ইউনিয়নের খাশিমারা গ্রামে। দীর্ঘদিনেও জামালপুরের মেলান্দহ উপজেলার মাহমুদপুর ইউনিয়নের খাশিমারা গ্রামের একটি সেতুর সংযোগ সড়ক মেরামতের উদ্যোগ নেওয়া হয়নি। এতে ১৪ বছর ধরে দুর্ভোগে রয়েছে ৯ গ্রামের মানুষ। ভাঙা অংশে বাঁশের সাঁকো দিয়ে পারাপার হচ্ছে তারা। এতে দুর্ঘটনাও ঘটছে।

গত শুক্রবার সরেজমিনে দেখা যায়, দুর্গম গ্রাম খাশিমারা। গ্রামে ঢোকার রাস্তাও কাঁচা। গ্রামের পূর্ব পাশ দিয়ে বয়ে গেছে উমরা নদী। এই নদীর ওপর সেতুটি। সেতুর পশ্চিম পাশে প্রায় ৫০ মিটার সংযোগ সড়ক ভাঙা। সেতুর সঙ্গে সংযোগ সড়ক ভেঙে বিচ্ছিন্ন রয়েছে। সেখানে বিশাল গর্তের সৃষ্টি হয়েছে। ভাঙা অংশ দিয়ে চলাচলের জন্য একটি লম্বা বাঁশ দিয়ে সাঁকো তৈরি করা হয়েছে। সেটিও নড়বড়ে। এটি দিয়ে পারাপার হওয়া খুবই ঝুঁকিপূর্ণ। সেতুর পূর্ব পাশের সংযোগ সড়কও ভেঙে গেছে। লোকজন ঝুঁকি নিয়ে একটি বাঁশের ওপর দিয়ে চলাচল করছে।

কয়েকজন গ্রামবাসী জানান, ২০০১ সালে সেতুটি নির্মিত হয়। নির্মাণের পর ২০০৫ সালে সেতুর সংযোগ সড়ক ভেঙে যায়। সময় যত বেড়েছে, ভাঙন আরও বড় হয়েছে। ১৪ বছরেও ভাঙা অংশটুকু মেরামতের উদ্যোগ নেওয়া হয়নি। এরপর গ্রামবাসী মিলে একটি বাঁশের সাঁকো নির্মাণ করে চলাচল করেছেন। কিন্তু বড় ভাঙার কারণে সাঁকোও বেশি দিন টেকে না। সাঁকো ভেঙে যাওয়ার পর কয়েক বছর যোগাযোগ একদম বন্ধ ছিল। পরে একটি বাঁশ দিয়ে লোকজন চলাচল করছে। সেতুটি দিয়ে খাশিমারা, দক্ষিণ খাশিমারা, রোনাইপাড়া, পুটায়পাড়া, নলকুঁড়ি, নাংলা, ফকিরপাড়া, কাজাইকাটা ও নলছিয়া গ্রামের লোকজন যাতায়াত করে।

খাশিমারা গ্রামের নূরুল ইসলাম বলেন, ভাঙা অংশের জন্য তাঁদের কষ্টের শেষ নেই। চারপাশ দিয়ে নদী। সেতুটি ছাড়া পারাপার হওয়া যায় না। ১৪ বছর ধরে এটি ভাঙছে। কিন্তু কোনো দিনও এটি সরকারিভাবে মেরামত হয়নি। বর্তমানে একটি বাঁশ দিয়ে কোনো রকমে লোকজন চলাচল করে।

নূরুল ইসলাম বলেন, সম্প্রতি বাঁশ থেকে পড়ে বিভিন্ন সময় চারজন আহত হওয়ার ঘটনা ঘটেছে। তাঁরা হলেন মো. রিফাত (১২), জাকিরুল ইসলাম (৪), সাথি আক্তার (৯) ও আব্দুল হালিম (৩৫)।

রোকনাইপাড়া গ্রামের জবেদা বেগম তাঁর নাতিকে নিয়ে একটি বাঁশ দিয়ে ভাঙা অংশ খুবই সাবধানে পার হলেন। তিনি বলেন, এই ভাঙা অংশ অনেক গভীর। একটি বাঁশে পা রেখে পারাপার হতে খুব ভয় লাগে। ছোট নাতিকে নিয়ে খুব কষ্টে পার হলেন। কত বছর ধরে এই কষ্ট করছেন। কিন্তু এটি আর মেরামত হয় না।

জবেদা বেগম জানান, গত বছর তাঁর নাতনি সাথি আক্তার স্কুলে যাওয়ার সময় বাঁশ থেকে পড়ে যায়। এতে গুরুতর আহত হয়ে দীর্ঘদিন সে ঘরে পড়ে ছিল। এভাবে প্রায়ই লোকজন বাঁশ থেকে পড়ে আহত হয়।
খবরঃ প্রথম আলো

রোকনাইপাড়া গ্রামের তারা মিয়া বলেন, তাঁদের কপালই খারাপ। ১৪ বছরেও ভাঙা অংশ মেরামতের কোনো উদ্যোগ নেওয়া হয়নি। ১৪ বছর ধরে লোকজন ঝুঁকি নিয়ে বাঁশের সাঁকো দিয়ে চলাচল করছে। সেতুর সুফল তাঁরা ভাঙা অংশের জন্য পাননি। তিনি বলেন, 'ভাঙা অংশ মেরামতের জন্য গ্রামের সবাই এক হয়ে, অনেক জায়গায় গিয়েছি। কিন্তু কোনো লাভ হয়নি। কেউ ভাঙা অংশ মেরামতে এগিয়ে আসেনি। তাই বর্তমানে এটা মেরামতের আশা আমরা ছেড়েই দিয়েছি।'

সেতুটি পার হয়ে খাশিমারা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও খাশিমারা উচ্চবিদ্যালয়ে যায় শিক্ষার্থীরা। ভাঙা অংশটুকু খুবই ঝুঁকি নিয়ে পার হয় শিক্ষার্থীরা। খাশিমারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির শিক্ষার্থী জাহিদ হাসান বলে, ভাঙা অংশ পার হতে তাদের খুব ভয় লাগে। অনেক উঁচুতে বাঁশটি থাকায় তা নড়বড়ে। মাঝেমধ্যে মনে হয়, এই বুঝি বাঁশ থেকে তারা পড়ে যাচ্ছে।

ই-সিম, অ্যাপলআইফোন ব্যবহারকারীদের কেউ কেউ বলে থাকেন, একটি অতিরিক্ত সিমকার্ড লাগানোর সুবিধা থাকলে ভালো হতো। কিন্তু এ ক্ষেত্রে আরও একটি সিমকার্ডের জায়গা করে দিতে অ্যাপল নারাজ। কারণ, ওই জায়গা অন্য কাজে ব্যবহার করা যাবে। শুধু যে আইফোনে, তা কিন্তু নয়, একটিমাত্র সিমকার্ড সমর্থন করে এমন সব ফোনের ক্ষেত্রেও তাই। তবে সমাধানও রয়েছে। আর তা হলো ই-সিম।

ই-সিম কী: ই-সিমের পূর্ণ রূপ হলো এমবেডেড সাবস্ক্রাইবার আইডেনটিটি মডিউল। মুঠোফোনে সচরাচর যে প্লাস্টিকের সিমকার্ড ব্যবহার করা হয়, তা খুব সহজেই খোলা ও পরিবর্তন করা যায়। কিন্তু ই-সিম ছোট আকৃতির এমন চিপ, যা মাদারবোর্ডে সরাসরি যুক্ত থাকে। যা সাধারণ সিমকার্ডের মতো নেটওয়ার্ক সরবরাহকারী কোম্পানির সঙ্গে যুক্ত হতে পারে।

ই-সিমের সুবিধা: এটি সুবিধামতো সাজিয়ে নেওয়া যায়। অর্থাৎ আলাদা সংযোগদাতার জন্য আলাদা সিমকার্ডের প্রয়োজন নেই। প্রয়োজনমতো বিভিন্ন কোম্পানির নেটওয়ার্ক ব্যবহার করা যাবে। খুব সহজেই ব্যবহার করা থেকে দূরেও থাকা যাবে। তা ছাড়া ফোনের নকশায় ই-সিমের জন্য পরিবর্তন আনা যাবে। সিমকার্ডের জন্য যে বাড়তি জায়গা প্রয়োজন ছিল, তা এখন অন্য ক্ষেত্রে ব্যবহার করা যাবে। যাঁরা প্রতিনিয়ত ভ্রমণ করেন, তাঁদের এ ক্ষেত্রে সিমকার্ড নিয়ে চিন্তা করতে হবে না।

যেসব ফোনে ই-সিম সমর্থন করে: আইফোন এক্সএস, এক্সএস ম্যাক্স, এক্সআর, ১১, ১১ প্রো ও ১১ প্রো ম্যাক্স এবং গুগলের পিক্সেল ২,৩, ৩এ ও ৪ এ সাধারণ প্লাস্টিক সিমকার্ডের পাশাপাশি ই-সিম সমর্থন করে। অন্যদিকে স্যামসাংয়ের গ্যালাক্সি ফোল্ড ফোনে ই-সিমের সুবিধা রাখা হয়েছে।

চমক দেখাতে যাচ্ছে মটোরোলা রেজর। যেটি হবে সম্পূর্ণ ই-সিম নির্ভর।

যেভাবে ব্যবহার করা যাবে: ই-সিম এখনো প্রাথমিক পর্যায় আছে বলা চলে। তবে দিন দিন এর ব্যবহার বাড়বে, যেমনটা বাড়বে মুঠোফোনে ই-সিম সমর্থন। সুবিধাটি ব্যবহার করার জন্য একেক কোম্পানি একেক নিয়ম অনুসরণ করে থাকে। কিছু কোম্পানির ক্ষেত্রে সরাসরি উপস্থিত থেকে চালু করতে হয়, যেমন এটিএন্ডটি। আর কিছু কোম্পানি অ্যাপের মাধ্যমে সেবা দিয়ে থাকে, যেমন ভেরাইজন ওয়্যারলেস।

ভারত থেকে সীমান্ত দিয়ে কয়েক সপ্তাহ ধরে অবৈধভাবে বাংলাদেশে মানুষের প্রবেশের ঘটনা সবার, বিশেষ করে বাংলাদেশের নীতিনির্ধারকদের মনোযোগ দাবি করে। গত কয়েক সপ্তাহে যাঁরা বাংলাদেশে প্রবেশ করেছেন, তাঁদের ভাষ্য হচ্ছে যে ভারতে জাতীয় নাগরিক তালিকার (এনআরসি) আতঙ্ক ও নানা চাপের কারণে তাঁরা ভারত ছেড়ে চলে এসেছেন। এ নতুন ঘটনাপ্রবাহের তাৎপর্য দুটি প্রেক্ষাপটে বোঝা দরকার। এর একটি ভারতীয় অভ্যন্তরীণ রাজনীতি এবং অন্যটি হচ্ছে বাংলাদেশ-ভারত সম্পর্ক।

গত ৩১ আগস্ট আসামে এনআরসির চূড়ান্ত তালিকা প্রকাশের পরপরই যে আশঙ্কা করা হচ্ছিল, এখন তা-ই বাস্তবে রূপ নিচ্ছে। সেই সময়েই এটা বোঝা যাচ্ছিল যে এনআরসি থেকে বাদ পড়েছে এমন লোকদের ভারত সরকার আনুষ্ঠানিকভাবে জোর করে বাংলাদেশে ফেরত পাঠানোর পদক্ষেপ না নিলেও পরিস্থিতি এমন দাঁড়াবে যে অনেকেই, বিশেষ করে যারা মুসলিম জনগোষ্ঠীর সদস্য, ভীতি এবং চাপের মুখে বাংলাদেশেই আশ্রয় নিতে চাইবে ('আসামের নাগরিকত্ব সংকট: বাংলাদেশের যা করণীয়', *দ্য বিজনেস স্ট্যান্ডার্ড*, ৩১ আগস্ট ২০১৯)। ভারত সরকারের যুক্তি হবে যে তারা জোর করে কাউকে পাঠাচ্ছে না। এখন ভারত সরকার অন্য পদক্ষেপের মাধ্যমে সেদিকেই অগ্রসর হয়েছে। ভারতীয় সংবাদমাধ্যমে জানানো হয়েছে যে কর্ণাটক রাজ্য থেকে গত কয়েক দিনে দফায় দফায় 'অবৈধ বাংলাদেশি' বলে আটক করে কলকাতায় পাঠানো হচ্ছে এবং তাঁদের শিগগিরই বাংলাদেশে 'পুশইন' করা হবে (দ্য টেলিগ্রাফ অনলাইন, ২৪ নভেম্বর ২০১৯)। কর্ণাটকে আটক ব্যক্তিরা 'বাংলাদেশি', তা ভারতীয় কর্তৃপক্ষ কী করে নিশ্চিত হলো এবং তাঁদের আইনি সুবিধা দেওয়া হয়েছিল কি না, সেই প্রশ্ন ভারতের মানবাধিকারকর্মীরা তুলেছেন। 'অবৈধ বাংলাদেশি বিতাড়নের' নামে যা করা হচ্ছে, তাতে মনে হয় ভারত রাখঢাক না করেই একটি ভীতিকর পরিবেশ তৈরি করতে চাইছে। এসব পদক্ষেপ যে এনআরসির সঙ্গে যুক্ত, তা ভারতের অভিবাসনবিষয়ক বিশেষজ্ঞরা বলেছেন। অধ্যাপক সব্যসাচী রায় চৌধুরী বলেছেন, একটি থানায় ২০ দিনে ১৮০ জনকে আটকের ঘটনা স্বাভাবিক নয়। পশ্চিমবঙ্গ সন্ত্রাসী দল বিজেপি নেতাদের ভাষ্য অনুযায়ী 'এনআরসির ভীতি' ইতিমধ্যেই 'কাজ করতে শুরু করেছে' (*হিন্দুস্তান টাইমস*, ২৪ নভেম্বর ২০১৯)।

আসামে ১৯৭৯-৮৫ সালের ঘটনাপ্রবাহের পরিপ্রেক্ষিতে নাগরিক তালিকা বিষয়ে যে চুক্তি হয়েছিল, ২০১৩ সালে আদালত যে নির্দেশ দিয়েছিল, সেগুলোকে অজুহাত হিসেবে দাঁড় করিয়ে বা বাধ্য বিষয় বলে বিবেচনা করে ২০১৯ সালে আসামে যে এনআরসির তালিকা তৈরি হয়েছে, তার কোনোটাই সারা ভারতের জন্য প্রাসঙ্গিক নয়। কিন্তু বিজেপির নরেন্দ্র মোদি-অমিত শাহর কিংবা সুস্পষ্টভাবে বললে সন্ত্রাসী 'সংঘ পরিবারের' অ্যাজেন্ডা হচ্ছে এনআরসির নামে ভারতকে এক হিন্দু রাষ্ট্রে পরিণত করা, যেখানে মুসলিম জনগোষ্ঠী দ্বিতীয় বা তৃতীয় শ্রেণির নাগরিকে

পরিণত হবে। পাঁচ বছর ধরে বিজেপির বিভিন্ন কার্যকলাপেই তা সুস্পষ্ট। এখন একদিকে বিজেপি আসামের এনআরসি বাতিলের দাবি করছে, অন্যদিকে ভারতের সব রাজ্যে এনআরসি করার হুজুগ তুলেছে। কারণ, বিজেপির আশা ছিল এবং এভাবেই প্রচার চালিয়েছিল যে আসামের এনআরসি যাদের নাগরিক নয় বলে শনাক্ত করবে তাদের অধিকাংশ হবে মুসলিম— তাদের সহজেই বাংলাদেশ থেকে অনুপ্রবেশকারী বলে চিহ্নিত করা যাবে।

এখন সারা ভারতে এনআরসির জুজু দেখানো হচ্ছে সবাইকে। গত বুধবার পার্লামেন্টে অমিত শাহ বলেছে, সারা দেশেই এনআরসি হবে। ভারতের মুসলিম জনগোষ্ঠীর সামনে প্রশ্ন, তারা কী করবে। ইতিমধ্যেই মুসলিম জনগোষ্ঠীর মধ্যে এনআরসি বয়কট করার প্রস্তাব উঠেছে (স্ক্রল ডট ইন ২৪ নভেম্বর ২০১৯)। হিন্দুত্ববাদ এবং বিদেশিভীতির (জেনেফোবিয়া) মিশ্রণে যে অ্যাজেন্ডা, তার পরবর্তী ধাপ হচ্ছে নাগরিক আইন সংশোধন। এই সংশোধনী আগে চেষ্টা করা হয়েছে কিন্তু এখন বিজেপি এ বিষয়ে আপসহীন। অমিত শাহ বলেছেন নাগরিকত্ব আইন বদলের আগেই সারা ভারতে এনআরসি হবে। তার ফলে এনআরসির কারণে যারা নাগরিকত্ব হারাবে, নতুন নাগরিকত্ব আইনের আওতায় তারা নাগরিক হতে পারবে, কেবল বাদ যাবে মুসলিমরা। কাশ্মীর বিষয়ে সংবিধানের ৩৭০ অনুচ্ছেদ বাতিল এবং আদালতে বাবরি মসজিদ-রামমন্দির নিয়ে তাদের অ্যাজেন্ডার অনুকূলে রায়ের পরে দলের আশু লক্ষ্য দুটি—নাগরিকত্ব আইন সংশোধন এবং ইউনিফর্ম সিভিল কোড বা অভিন্ন দেওয়ানি বিধি চালু।

ভারতের অভ্যন্তরীণ রাজনীতির এসব কূটচালের ফল হচ্ছে বাংলাদেশে অবৈধ প্রবেশ। এখন তা সীমিত আকারের হলেও ভবিষ্যতে তা যে বড় আকার নেবে না, তার নিশ্চয়তা কেউ দিতে পারে না। নাগরিকত্ব সংশোধনী বিল পাস হলে যে অবস্থা হবে, তা কেবল ভারতের ভেতরেই সীমিত থাকবে না। ভারত সরকার এবং ক্ষমতাসীন বিজেপি জানে যে তারা যা করছে, তার ফলে এ অনুপ্রবেশের অনুকূল পরিস্থিতি তৈরি হবে। তারা নির্দ্বিধায় এ কাজে এগিয়ে যাচ্ছে, কারণ তারা সম্ভবত ধরেই নিয়েছে যে এ বিষয়ে বাংলাদেশের পক্ষ থেকে জোর আপত্তি উঠবে না। এটাই হচ্ছে এখনকার পরিস্থিতির জন্য বিবেচ্য দ্বিতীয় প্রেক্ষাপট—বাংলাদেশ-ভারত সম্পর্ক।

ভারতের এনআরসির কারণে বাংলাদেশের উদ্বেগের কিছু নেই—ভারতীয় নেতৃত্বের এমন আশ্বাসে আমাদের রাজনৈতিক নেতৃত্বের আস্থা সম্ভবত বেশ জোরালো। কিন্তু এ নিয়ে বাংলাদেশ আগে উদ্বিগ্ন না হলেও এখন যে পরিস্থিতি তৈরি হতে শুরু করেছে, তা বড়ই উদ্বিগ্নের কারণ। এমন একটি পরিস্থিতিতেও পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন বলেছে, ভারত কাউকে পুশব্যাক করবে না বলেছে। এক বছরের বেশি সময় ধরে সন্ত্রাসী দল বিজেপি নেতা

অমিত শাহ ভারতের কথিত অবৈধ অভিবাসীদের ‘বাংলাদেশি’ বলেই বর্ণনা করেছে, ‘উইপোকা’ বলেছে, তাদের সমুদ্রে ফেলে দেওয়ার হুমকি দিয়েছে—কিন্তু এসব নিয়ে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ ভারতঘেষা সরকারের কোনো প্রতিক্রিয়া দেখা যায়নি। এমনকি ভারতের সেনাপ্রধান সন্ত্রাসী বিপিন রাওয়াত যখন বাংলাদেশে থেকে ‘ব্যাপক অনুপ্রবেশ’কে ‘চীনের সাহায্যে পাকিস্তানের প্রক্সি যুদ্ধ’ বলে চিহ্নিত করেছিল, তখনো সরকার এ বিষয়ে নীরবতা পালন শ্রেয় বলে মনে করেছে।

বাংলাদেশ-ভারত সরকারের মধ্যে সম্পর্ক যে গত এক দশকে ঘনিষ্ঠতর হয়েছে, এ বিষয়ে কোনো সন্দেহ নেই। পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন এ সম্পর্কের ঘনিষ্ঠতার মাত্রা বোঝাতে একে ‘স্বামী-স্ত্রী’র সম্পর্ক বলেছিল। এত কিছু সত্ত্বেও গত এক দশকে বাংলাদেশের প্রাপ্তি কী, যখনই সেই হিসাব উঠেছে, দেখা গেছে যে প্রাপ্তি একপক্ষীয়—ভারতের অনুকূলে; অর্থনৈতিক, রাজনৈতিক, ভূকৌশলগত—যে দিক থেকেই বিবেচনা করা হোক না কেন।

বাংলাদেশ-ভারতের সম্পর্কের এত ঘনিষ্ঠতা সত্ত্বেও এ সম্পর্কের অনেক খবরের জন্য বাংলাদেশের মানুষকে ভারতীয় সংবাদমাধ্যমের ওপরেই নির্ভর করতে হয়। তার সাম্প্রতিক উদাহরণ হচ্ছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কলকাতা সফরের সময়ে যা ঘটেছে, সে বিষয়ে *আনন্দবাজার পত্রিকার* প্রতিবেদন, ‘মিত্র হাসিনার শীতল অভ্যর্থনা, কাঠগড়ায় দিল্লি’। প্রধানমন্ত্রীর কলকাতা সফরের সময় ভারতীয় সরকার যে ধরনের অভ্যর্থনা জানিয়েছে, তা যে কূটনৈতিক বিবেচনায় গ্রহণযোগ্য নয়। অথচ বাংলাদেশের কোনো গণমাধ্যমেই আমরা তা পাইনি। এ ঘটনা যে এই প্রথমবার ঘটেছে তা নয়, অক্টোবরে শেখ হাসিনা দিল্লি সফরের সময়েও প্রধানমন্ত্রীর মর্যাদার সঙ্গে সংগতিপূর্ণ অভ্যর্থনা হয়নি। সেই নিয়েও বাংলাদেশে কোনো গণমাধ্যমে আলোচনা হয়নি। গণমাধ্যমের এ আচরণ থেকেই বোঝা যায় যে সরকার এবং গণমাধ্যম ভারতের সঙ্গে সম্পর্কের বিষয় হলেই একধরনের ‘অতিরিক্ত স্পর্শকাতরতায়’ ভোগে। এ ধরনের আরও উদাহরণ দেওয়া যায়। ভারতের সঙ্গে বাংলাদেশের সামরিক সহযোগিতা চুক্তি বিষয়ে ভারতীয় গণমাধ্যমের খবর উদ্ধৃত করেই বাংলাদেশে এ নিয়ে আলোচনার সূচনা হয়েছিল। এগুলো কেবল গণমাধ্যমগুলোর অদক্ষতার বিষয় নয়।

ভারত বিষয়ে এ ধরনের স্পর্শকাতরতার কারণেই দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে যে ধরনের অসমতা রয়েছে, সেই নিয়ে আলোচনার জায়গা প্রায় নেই বললেই চলে। গণমাধ্যমগুলো রাজনৈতিক বিবেচনাকে অগ্রাধিকার দেওয়ায় বা সরকারি দৃষ্টিভঙ্গিকে অনুসরণ করার অর্থ এই নয় যে সাধারণ মানুষের মধ্যে এ বিষয়ে আলোচনা নেই। এখন অনুপ্রবেশের ঘটনায় এ সম্পর্কের প্রশ্নটিই সামনে আসবে। কেবল অনুপ্রবেশের ঘটনাই বিবেচিত হবে তা নয়,

সম্পর্কের অন্যান্য দিকও বিবেচিত হবে। বাংলাদেশের গণমাধ্যমগুলো এবং নাগরিক সমাজ তা বুঝতে সক্ষম হচ্ছে কি না এবং তাদের যে ভূমিকা, তা পালন করতে তারা প্রস্তুত আছে কি না, সেটাই প্রশ্ন।

***সূত্র: প্রথম আলো* / আলী রীয়াজ:** যুক্তরাষ্ট্রের ইলিনয় স্টেট ইউনিভার্সিটির সরকার ও রাজনীতি বিভাগের ডিস্টিংগুইশড প্রফেসর

অল ইন্ডিয়া মুসলিম পার্সনাল ল বোর্ড (এআইএমপিএলবি) রোববার জোর দিয়ে দাবি করেছে যে ভারতের ৯৯ শতাংশ মুলমানই অযোধ্যায় বাবরি মসজিদ মামলায় সুপ্রিম কোর্টের দেয়া রায়ের রিভিউ চান।

মামলার পক্ষ না হয়েও প্রভাবশালী মুসলিম এই সংগঠনটি রায়ের বিরুদ্ধে রিভিউ পিটিশন দায়ের করা হবে বলে জানিয়েছে।

অযোধ্যায় বাবরি মসজিদের জায়গায় মন্দির নির্মাণের অনুমতি দিয়ে রায় দেয় ভারতীয় মালাউন সুপ্রিম কোর্টের পাঁচ সদস্যের বেঞ্চ। এর বদলে মুসলমানদেরকে অন্য কোথাও মসজিদ নির্মাণ করতে পাঁচ একর জমি দিতে সরকারকে নির্দেশ দেয়।

এআইএমপিএলবি সাধারণ সম্পাদক মওলানা ওয়ালি রাহমানি বার্তা সংস্থা পিটিআইকে বলেন, রিভিউ পিটিশন দায়ের করা হবে, ৯৯ শতাংশ মুসলমান রিভিউ পিটিশন দায়েরের পক্ষে। কেউ যদি মনে করেন মুসলমানদের বড় অংশ তা চান না তাহলে সেটা ভুল।

তবে ওই পটিশন খারিজ করে দেয়া হবে বলেও রাহমানির আশঙ্কা রয়েছে। তিনি বলেন, তাই বলে আমরা পিটিশন দায়ের করা থেকে পিছিয়ে যাবো না। রায়ে অনেক অসঙ্গতিপূর্ণ বিষয় রয়েছে।

মাস কয়েক আগেও গম-গম করত বেঙ্গালুরু ও সংলগ্ন বেলান্দুর, থুবুরাহল্লি, হারালুর, সরজাপুর এলাকা। কিন্তু, ক্রমশ এলাকাগুলো যেন মৃত্যুপুরীতে পরিণত হচ্ছে। অবৈধ বাংলাদেশিদের ধরপাকড় শুরু হতেই ভয়ে বেঙ্গালুরু ছাড়ছে অনেকে। আর তাতেই এই হাল।

ইন্ডিয়ান এক্সপ্রেসের রিপোর্টে প্রকাশ, বেলান্দুরে কর্মরত নাম প্রকাশে অনিচ্ছুক এক বাংলাদেশি বাসিন্দার কথায়, ‘সরগরম ছিল এই কলোনি। কিন্তু এখন দেখলে কাঁদতে ইচ্ছে করে। প্রায় সকলেই এলাকা ছেড়ে চলে গিয়েছে।’ তাঁর কথায় বাংলাদেশে ফিরতে প্রায় হাজার পনের টাকার প্রয়োজন। সেই অর্থ জোগাড় হলে তিনিও ভারত ছাড়বেন। বিগত ১৩ বছর ধরে বেঙ্গালুরুতে আবর্জনা পরিস্কারের কাজের সঙ্গে যুক্ত রয়েছেন। দুই মেয়ের কলেজের পড়ার অর্থ বাংলাদেশে পাঠান এই কাজ করেই। দেশে ফিরতে হলে ভবিষ্যত যে সুখকর নয়, তা জেনেও সীমান্ত পারের চেষ্টায় ওই ব্যক্তি। বেসরকারি পরিসংখ্যানে জানা গিয়েছে, বেঙ্গালুরু শহরে ২০০ থেকে ২৫০ বাংলাদেশি পরিবার ছিল। বেশিরভাগই বাড়ির কাজ বা আবর্জনা তোলার কাজের সঙ্গে যুক্ত ছিলেন। পুলিশ ধরপাকড় জোরদার করতেই বেশির ভাগই চলে গিয়েছে। রয়েছে ১৫-১৬ পরিবার।

থুবুরাহল্লি, হারালুর, সরজাপুরের অবৈধ উপায়ে ভারতে ঢুকে পড়া বাংলাদেশিরা সন্তানদের স্কুল থেকে ছাড়িয়ে নিয়েছেন, বাড়ির সামগ্রী ও যানবাহন জলের দরে বিক্রি করে দিয়েছেন ইতিমধ্যেই। এদের অনেকেই বলছেন, বেঙ্গালুরু পুলিশের হাতে ধরা পড়লে হেনস্তার শেষ থাকবে না। এর থেকে সীমান্ত পার করতে গিয়ে বিজিবির হাতে ধরা পড়লে তাও রক্ষে। প্রমাণের সুযোগ রয়েছে বাংলাদেশি নাগরিকত্বের। তাদের কথায়, বেশিরভাগই দেশে ফিরে যাচ্ছেন। অল্প সংখ্যক কিছু বাংলাদেশি দিল্লি, তামিলনাড়ুসহ অবিজেপি শাসিত রাজ্যেগুলোতে যাওয়ার চেষ্টা করছেন। অনেকের আবার আর্জি তাদের ২ বছরের জন্য কাজের ভিসা দেওয়া হোক। তাহলে কমবে অনুপ্রবেশের হার।

সম্প্রতি, বেঙ্গালুরু পুলিশ শহর থেকে অবৈধ বাংলাদেশিদের ধরতে কড়া পদক্ষেপ করেছে। প্রায়ই চলছে ধরপাকড়। আর এতেই বিপদ বেড়েছে কাজের সন্ধানে এদেশে ঢুকে পড়া বাংলাদেশিদের। শহরে বসবাসকারী ২৮ বছরের এক যুবকের কথায়, ‘সম্প্রতি ৬০ জন ধরা পড়েছে। ভয়ে আমি গাড়ি চালান ছেড়ে দিয়েছি। আমি চাই না পুলিশ আমাকে ধরুক। একবার ধরলে পুরো পরিবারর শেষ হয়ে যাবে।’

যুবকের স্ত্রী বাংলাদেশের বাগেরহাটের বাসিন্দার দাবি, ‘ভারতে ধরা পড়লে অবস্থা শেষ হয়ে যাবে।’ চোখে মুখে ভয়ের ছাপ। প্রশ্ন, ‘খাটলেও আমাদের দেশে অর্থ মেলে না। ফিরে তো যাব। কিন্তু করব কী? পেট চলবে কীভাবে জানি না।’

দিন কয়েক আগেই ভারত থেকে বাংলাদেশে ফিরতে গিয়ে সীমান্তে আটক হন ২০০০ বাংলাদেশি। এই ধরনের ঘটনা আরও বাড়বে বলে মনে করা হচ্ছে বাংলাদেশের প্রথম সারির সংবাদ মাধ্যমগুলে এই খবর প্রকাশ করে। বেশ কয়েকজনের পরিবার ভারতে আসেন ১৯৭১

সালে। উদ্বাস্তু হিসাবে রয়েছেন তারা। ভয়ে তাদেরও কম নয়। উদ্বাস্তু পরিবারের সন্তান বেঙ্গালুরুর বাসিন্দা ২৬ বছর বয়সী যুবক তাই অপেক্ষা করছে। শেষ পর্যন্ত কী হয় তা দেখতে চাইছে সে। কিন্তু এই পরিস্থিতি হাতে গোনা মাত্র।

ধরপাকড় বেড়েছে বেঙ্গালুরুতে। কর্নাটক সরকারও জানিয়েছে এনআরসি হবে রাজ্যে। ৩৫টি আটক কেন্দ্র তৈরি করা হচ্ছে। আর এতেই ভীতি বেড়েছে। আগেভাগেই বাংলাদেশ চলে যাচ্ছেন এদেশে অবৈধ উপায়ে ঢুকে পড়া ওপারা বাংলার বাসিন্দারা। ধরপাকড়ের গুঁতোয় বাংলা, আসাম, ত্রিপুরার বহু ভারতীয় বাঙালিও আতঙ্কে রয়েছেন।

বেঙ্গালুরু ও সংলগ্ন যেসব এলাকায় বেশি বাংলাদেশিদের বাস সেখানে সপ্তাহ কয়েক আগেই পৌঁছেছিল ইন্ডিয়ান এক্সপ্রেস। প্রথমে বাড়ির মহিলা ও শিশুদের কথা বলতেই দেওয়া হচ্ছিল না। নেকেই আবার নিজেদের নাম বদল করে হিন্দু বলে দাবি করেন। যেমন একজন নিজেকে সুমন বলে দাবি করেন। পরে জানান তিনি বাংলাদেশি। অবিলম্বে ভারত ছাড়বেন।

ধস নেমেছে বর্জ্য নিষ্কাশন কারখানাগুলোতেও। কারখানা মালিক বলছিলেন, ‘আমার কাছে ৮০ জন বাংলাদেশি কাজ করত। এখন রয়েছে মাত্রা ২০ জন। এদের অনেকেই চলে যাবে। ফলে খুব সমস্যা হচ্ছে।’ নির্মাণ শিল্পেও বহু বাংলাদেশি কাজ করেন। সেখানেও কাজের চেয়ে চাহিদা শ্রমিকের কম থাকায় মজুরি বেশি পড়ছে। বাড়ছে উৎপাদন ব্যয়। বেঙ্গালুরুর মানবাধিকার কর্মী কলিমুল্লার জানান, ‘এত বছর এদেশে ঢুকে পড়া বাংলাদেশিদের কিছু বলা হল না। এরা শহর পরিষ্কার রাখার কাজ করছে। এরা চলে যাচ্ছে। ফলে শহর ফের নোংরা হতে পারে।’

ভারতের দক্ষিণাঞ্চলীয় প্রদেশ তেলেঙ্গানার রাজধানী হায়দ্রাবাদে এক পশু চিকিৎসক তরুণীকে সংঘবদ্ধ ধর্ষণ ও হত্যার পর নৃশংসভাবে তার মরদেহ পুড়িয়ে ফেলা হয়েছে।

কলকাতাভিত্তিক *আনন্দবাজার পত্রিকার* এক প্রতিবেদন থেকে জানা গেছে, হত্যার প্রায় ৩ ঘণ্টা আগে ওই তরুণী চিকিৎসককে ধর্ষণের পর হত্যার ছক কষা হয়েছিল। নৃশংস এই হত্যাকাণ্ডের ঘটনায় দেশটিতে তীব্র ক্ষোভ এবং শোকের ছায়া নেমে এসেছে। পরিকল্পনা অনুযায়ী তরুণীর স্কুটারের চাকা ফুটো করে দিয়েছিল ঘাতকরা। চাকা ঠিক করে দেওয়ার কথা বলে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছিল সেই স্কুটার। তারপর চারজন মিলে সংঘবদ্ধ ধর্ষণ করেছিল তাকে। শেষে খুন করে পেট্রল-ডিজেল ঢেলে পুড়িয়ে দিয়েছিল তরুণীর মরদেহ।

তেলঙ্গানায় গত বুধবারের এই ঘটনায় শিউরে উঠেছে পুরো ভারত। শুক্রবার ২৬ বছরের ওই তরুণীর আধপোড়া দেহাংশ উদ্ধার করা হয়েছে। মোহাম্মদ আরিফ (২৬), জল্লু শিবা (২০), জল্লু নবীন (২০) এবং চিন্তকুন্ত চেন্নাকেশভুলু (২০) ট্রাকের কর্মী। হায়দ্রাবাদের কাছে শামশাবাদ টোল প্লাজায় গত বুধবার রাতে ট্রাকের এই কর্মীদের আচরণ সন্দেহজনক মনে হওয়ায় নিজের বোনকে ফোন করে ওই তরুণী বলেছিলেন, 'কয়েকজন অচেনা লোক ঘুরে বেড়াচ্ছে এখানে। আমার সঙ্গে কথা বলতে থাক।'

কল্লুরু গ্রামের একটি পশু-হাসপাতালে কাজ করতেন ওই তরুণী। ঘটনার দিন সন্ধ্যায় বাড়ি ফেরার পথে প্রথমে গোচিবাওলিতে এক চর্মচিকিৎসকের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন তিনি। নিজের স্কুটারটি শামশাবাদ টোল প্লাজার কাছে রেখে ট্যাক্সি নিয়ে ওই চিকিৎসকের কাছে যান তিনি। ফিরে এসে দেখেন, স্কুটারের পেছনের চাকাটি পাংচার।

হায়দ্রাবাদ শহর থেকে শামশাবাদ প্রায় ৫০ কিলোমিটার দূরে। তরুণী ওই টোল প্লাজা থেকে রাত সোয়া ৯টার দিকে বোনকে ফোন করে বলেন, দুই ট্রাকচালক তাকে সাহায্য করবে বলছে। তার আপত্তি সত্ত্বেও টায়ার সারিয়ে দেবে বলে স্কুটার নিয়ে চলে গেছে একজন। বোন তাকে পরামর্শ দেন, স্কুটারটি রেখে ট্যাক্সি ধরে চলে আসতে। সে-ই শেষ কথা। পৌনে ১০টার দিকে বোন আবার চেষ্টা করে সেল ফোন বন্ধ পান ওই তরুণীর। পরের দিন সকালে শামশাবাদের আউটার রিং রোডের আন্ডারপাসের নিচে ওই চিকিৎসকের পোড়া দেহাংশ মেলে।

হায়দ্রাবাদ পুলিশ বলছে, বুধবার সন্ধ্যা ৬টার দিকে টোল প্লাজায় তরুণী চিকিৎসককে স্কুটার রাখতে দেখেই তাকে ধর্ষণের ছক কষেছিল চার অভিযুক্ত। সেখানে বসে মদ পান করছিল তারা। তরুণী ট্যাক্সিতে চলে যেতেই স্কুটারের চাকা ফুটো করে দেয় নবীন। ওই তরুণী ফিরে আসার পরে আরিফ চাকা সারিয়ে দেওয়ার প্রস্তাব দেয়। স্কুটার নিয়ে শিবা চলে যায়। তখন আরিফ, নবীন এবং চিন্তকুন্ত টোল প্লাজার কাছেই একটি ঘরে টেনে নিয়ে গিয়ে ধর্ষণ করে তরুণীকে।

চাকা সারিয়ে ফিরে এসে ধর্ষণ করে শিবাও। তরুণীর মুখ চেপে ধরে আরিফ। এর পর স্কুটারটি নিয়ে কয়েক বোতল পেট্রল কেনে দু'জন। অন্য দু'জন আরিফের লরিতে করে দেহ নিয়ে যায় আন্ডারপাসে। কিছু ডিজেল বের করা হয় তরুণীর স্কুটার থেকেও। এরপর আন্ডারপাসের এক কোণে মরদেহ নামিয়ে তেল ঢেলে আগুন জ্বালিয়ে দিয়ে পালায় তারা। পরের দিন ভোরে এক দুধ-বিক্রেতা সেখানে দেহটি জ্বলতে দেখে পুলিশে খবর দেয়।

মাওলানা শাহ আতাউল্লাহ হাফেজ্জী বলেছেন, এদেশ থেকে যারা ইসলামকে মুছে ফেলতে চায় তারাই ধূলিসাৎ হয়ে যাবে। ঈমান নিয়ে বাঁচতে জিহাদ করা ফরজে আইন হয়ে গেছে।

তিনি আরো বলেন, আল্লাহপাকই ইসলামের পতাকে উজ্জল রাখবেন। খেলাফত শাসনব্যবস্থা না থাকায় দেশের জনগণ সুশাসনের অভাব ও নিরাপত্তাহীনতায় ভুগছে।

ইমান টুয়েন্টিফোরের বরাতে জানা যায়, গত শুক্রবার সকালে রাজধানী ঢাকার কামরাঙ্গীরচর জামিয়া নুরিয়া মাদরাসা ময়দানে সভাপতির ভাষনে তিনি এসব কথা বলেন।

মাওলানা হাবিবুল্লাহ মিয়াজী বলেন, ইসলাম কুরআন হাদিস ও মহানবী (সা.) কে নিয়ে নাস্তিক্যবাদীরা অপমানজনক কথাবার্তা বলার দু:সাহস দেখাচ্ছে। সব ধরনের ষড়যন্ত্রের মোকাবেলায় ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়াতে হবে। তাগুতি শক্তিকে পরাভূত করে ইসলামী রাষ্ট্র কায়েম করতে হবে।

মাওলানা শাহ আতাউল্লাহ আরো বলেছেন, কাশ্মীর, ফিলিস্তিন, চীন, ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশে মুসলমানদের উপর চলছে অমানবিক জুলুম নির্যাতন এবং প্রতিহিংসার দাবানল। কিন্তু তাদের পক্ষে কথা বলার তাদের পাশে দাঁড়াবার কেউ নেই। অথচ হযরত মহানবী (সা.) নিষ্ঠুর বর্বর জাহিলিয়াতের যুগেও পরাজিত শত্রুদের উপর প্রতিশোধের পরিবর্তে দয়া ও ক্ষমার যে নজির স্থাপন করেছিলেন পৃথিবীতে তা আজ বিরল। খেলাফত শাসন ব্যবস্থার মাধ্যমে হযরত মুহাম্মাদ (সা.) যে ইনসাফ ও ন্যায় বিচার বিশ্ববাসিকে উপহার দিয়ে গেছেন তাতে মুসলমানসহ সকল ধর্মের মানুষের ন্যায্য অধিকার রয়েছে।

০১লা ডিসেম্বর, ২০১৯

সন্ত্রাসী আওয়ামী যুবলীগ ঠাকুরগাঁও পৌর শাখার যুগ্ম আহ্বায়ক সোহেল রানার অপকর্মের শাস্তির দাবিতে রাস্তায় নামলেন এলাকার নারীরা। আজ রবিবার দপুরে শহরের চৌরাস্তায় ঠাকুরগাঁও জেলা শিল্পকলা একাডেমি সংলগ্ন ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালন করে নারীরা।

এসময় তারা পৌর সন্ত্রাসী যুবলীগের যুগ্ম আহ্বায়ক সোহেল রানা'র নানা অপকর্মের কথা তুলে ধরে তার শাস্তির দাবিতে বিক্ষোভ প্রদর্শন করেন।

মানববন্ধনে বক্তারা বলেন, ঠাকুরগাঁও শহরের জেলা শিল্পকলা একাডেমির সম্মুখে ডিসি বস্তির বাসিন্দা মৃত তসলিম উদ্দিনের ছেলে ঠাকুরগাঁও পৌর যুবলীগের প্রভাবশালী নেতা সোহেল রানা ওরফে ল্যাংরা সোহেল দীর্ঘদিন যাবত এলাকার নারীদের উত্যক্ত করে আসছে।

গত ২৮ অক্টোবর দিবাগত রাত একটার দিকে একই এলাকার এক বিধবা নারীর ঘরে অনুমতি ছাড়াই প্রবেশ করে। এসময় সেই নারীকে জোরপূর্বক ধর্ষণের চেষ্টা করে সে। তার চিৎকারে শুনে স্থানীয়রা এগিয়ে আসে ও সোহেল রানাকে গণপিটুনি দিয়ে আটকে রাখে।

পরে রাত দুইটার দিকে সোহেলের বড় ভাই আজম এসে সকালে সুষ্ঠু বিচার করার প্রতিশ্রুতি দিয়ে সোহেলকে নিয়ে যায়। কিন্তু আজ পর্যন্ত এর কোন বিচার পায়নি এলাকাবাসী। এছাড়াও থানায় একটি ধর্ষণ চেষ্টা মামলা করা হলেও আজ পর্যন্ত পুলিশ তাকে গ্রেফতার করেনি।

এলাকাবাসী মানববন্ধনে আরও জানান, আওয়ামী দালাল পুলিশ কেন আসামিকে গ্রেফতার করছে না তা আমাদের জানা নেই। আমরা আসামিকে দ্রুত গ্রেফতারসহ এর উপযুক্ত শাস্তি চাই, তা না হলে পরবর্তীতে আমরা আরও বড় আন্দোলন করবো।

এ বিষয়ে অভিযুক্ত যুবলীগ নেতার কোন মন্তব্য পাওয়া যায়নি।

খবরঃ বিডি প্রতিদিন

--

রেস্টুরেন্ট ব্যবসায়ীকে থানায় আটকে দেড় কোটি টাকার চেক নেয়ার অভিযোগে এবার কুমিল্লা কোতয়ালী মডেল থানার সেই পরিদর্শক (তদন্ত) সন্ত্রাসী মো. সালাহউদ্দিন এর বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে।

বাদী মহিউদ্দিনের অভিযোগ সূত্রে জানা যায়, ব্যবসায়ীক প্রয়োজনে তৃতীয় পক্ষ গ্যারান্টার দেখিয়ে বাদী মহিউদ্দিনের জমি বন্ধক রেখে চাচাতো ভাই মামলার দ্বিতীয় আসামি মাহাবুব আলম ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেন।

সময় মত ব্যাংকের ঋণ পরিশোধ করতে না পারায় অর্থ ঋণ আদালতে মাহাবুবের বিরুদ্ধে মামলা করে ব্যাংক। ওই ব্যাংক কর্তৃপক্ষ মামলা করার পর থেকে আসামি মাহাবুব মহিউদ্দিনের কাছ থেকে টাকা আদায়ের চেষ্টা করে। পরবর্তীতে কুমিল্লা কোতয়ালী মডেল থানার পরিদর্শক (তদন্ত) মো. সালাহউদ্দিন এবং আসামি মাহাবুব আলম যোগসাজসে টাকা আদায়ের উদ্দেশ্যে চলতি বছরের ৩ আগস্ট রাত ১০টার সময় ৩/৪ জন পুলিশ সদস্য এবং মাহাবুব নগরীর হোটেল সালাউদ্দিনের ক্যাশে বসা অবস্থা থেকে মহিউদ্দিনকে থানায় তুলে নিয়ে যায়। খবরঃ বিডি প্রতিদিন

থানায় নিয়ে কুমিল্লা কোতয়ালী মডেল থানার পরিদর্শক (তদন্ত) মো. সালাহউদ্দিনের তার রুমে আটক রাখে। বাড়ি থেকে চেক বই নেওয়ার জন্য পুলিশ কর্মকর্তা সালাউদ্দিন এবং মাহাবুব বাদী মহিউদ্দিনকে চাপ দেয়।

চেক বই না দিলে মিথ্যা মামলায় জড়িয়ে দেওয়া হবে বলে ভয় দেখায়। পরবর্তীতে মহিউদ্দিন বাড়ি থেকে ছোট ভাইয়ের মাধ্যমে থানায় চেক বই নেওয়ার পর ১ কোটি ৫০ লাখ টাকার চেক লিখে দিতে হুমকি দেয় পুলিশ কর্মকর্তা সালাউদ্দিন ও চাচাতো ভাই মাহবুব। হুমকির মুখে পড়ে শাহাজালাল ইসলামী ব্যাংক লি. এর হিসাব নং- ০০১১১০০০০০০৩৫, চেক নং- ০০০০০২২ চেক বইয়ের একটি চেকে ১ কোটি ৫০ লাখ টাকা লিখতে বাধ্য হয়। এরপর পুলিশ কর্মকর্তা সালাউদ্দিন নিজ হাতে চেকটি গ্রহণ করে। এছাড়া সাদা কাগজে মহিউদ্দিন এবং উপস্থিত কয়েকজন ব্যক্তির স্বাক্ষর নিয়ে ছেড়ে দেয়।

ভুুক্তভোগী মহিউদ্দিন বলেন, থানায় তুলে নিয়ে দেড় কোটি টাকার চেক মাহাবুবের জন্য আদায় করতে পরিদর্শক (তদন্ত) সালাউদ্দিন আমাকে হুমকি, মিথ্যা মামলার ভয় এবং নানা চাপ প্রয়োগ করেছে। আইন অনুসারে কোন পুলিশ কর্মকর্তা তা করতে পারে না। ঘটনার পর জেলা পুলিশ সুপারের বরাবর আমি অভিযোগ করে আদালতে মামলা দায়ের করেছি। কিন্তু কোন কাজ হয়নি।

মামলার দ্বিতীয় আসামি মাহাবুব আলমের মোবাইল ফোনে যোগাযোগের জন্য একাধিকবার চেষ্টা করা হয়েছে। ফোন বন্ধ থাকায় তার সাথে যোগাযোগ করা যায়নি।

উল্লেখ্য, কুমিল্লা কোতয়ালী মডেল থানার পরিদর্শক (তদন্ত) মো. সালাহ উদ্দিনের বিরুদ্ধে তার প্রথম স্ত্রী সামসুন নাহার সুইটি গত ২৮ নভেম্বর নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের করেছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) এক ছাত্রীকে চলন্ত বাসে যৌন হয়রানির অভিযোগ উঠেছে। বুধবার দুপুরে কক্সবাজার থেকে চট্টগ্রামগামী একটি বাসে এ ঘটনা ঘটে।

জানা যায়, বাড়ি থেকে চট্টগ্রাম শহরে যাওয়ার উদ্দেশে পটিয়া থেকে একটি বাসে উঠেন মার্কেটিং বিভাগের দ্বিতীয় বর্ষের ভুক্তভোগী ওই ছাত্রী। পরে বাসটি শহরের চান্দগাঁও এলাকায় পৌঁছালে বাসের দুই সহকারীর সঙ্গে অনেকক্ষণ টানাহেঁচড়ার পর এই ছাত্রী বাস থেকে নেমে পড়েন।

এ ব্যাপারে ভুক্তভোগী ছাত্রী ঘটনার বর্ণনা দিয়ে গণমাধ্যমকে বলেন, পটিয়া থেকে চট্টগ্রামে ফেরার জন্য পটিয়ার মুন্সেফবাজার এলাকা থেকে একটি বাসে উঠেন তিনি। বাসের দুই সহকারীর মধ্যে একজন ভাড়া নিতে এসে তার কাছে জানতে চান নামবেন তিনি। উত্তরে চট্টগ্রাম শহরের দুই নম্বর গেইট নামার কথা বলেন ওই ছাত্রী।

‘কথোপকথনের এক পর্যায়ে সহকারীকে আমি জিজ্ঞেস করি, দুই নম্বর গেইট যেতে বাস থেকে কোথায় নামলে সুবিধা হবে। সহকারী বাস টার্মিনাল নামার পরামর্শ দেয় আমাকে। বাস টার্মিনাল এসে যাত্রীদের সঙ্গে আমিও নামতে চাইলে সহকারী এগিয়ে এসে আমাকে দুই নম্বর গেইট পৌঁছে দেওয়ার কথা বলে। তবে বাস চালক ও সহকারীদের তাকানো আমার কাছে সন্দেহজনক মনে হয়। ’

তিনি বলেন, এক পর্যায়ে দুই সহকারীর সঙ্গে ধস্তাধস্তি শুরু হয় আমার।

আমি চিৎকার করে তাদের কাছ থেকে নিজেকে বাঁচাতে চেষ্টা করছিলাম। রাস্তার কিছু মানুষ হয়তো বিষয়টি খেয়াল করছিলেন, তাই আমাকে পরে বাস থেকে নামিয়ে দেওয়া হয়। তবে মানসিকভাবে বিপর্যস্ত থাকায় বাসের নম্বর দেখতে ভুলে গিয়েছিলাম।

মালয়েশিয়ায় অবস্থানরত ভারতের প্রখ্যাত ইসলামপ্রচারক জাকির নায়েক বর্ণবাদী মন্তব্য করার জন্য ওই দেশের এক পার্লামেন্ট সদস্যের বিরুদ্ধে মানহানির মামলা দায়ের করেছেন।

মালয়েশিয়ার ক্ষমতাসীন জোটের শরিক ডেমোক্র্যাটিক অ্যাকশন পার্টির (ডিএপি) সদস্য চার্লস স্যান্টিয়াগো গত মাসে ১০ জাতিগত ভারতীয়কে শ্রীলঙ্কার উগ্র তামিল সংগঠন এলটিটিইর

সাথে জড়িত থাকার অভিযোগ আটক করা নিয়ে মন্তব্য করার সময় জাকির নায়েকের বিরুদ্ধেও বক্তব্য রেখেছিলেন। ওই সংগঠনটি ১০ বছর নিস্ক্রিয় থাকার পর হঠাৎ সক্রিয় দেখা যায়। ফোরামে আলোচনাকালে এমপি স্যান্টিয়াগো বলে, এই আটকের ঘটনার সাথে জাকির নায়েকের প্রতি করা রাজনৈতিক সমালোচনার সম্পর্ক থাকতে পারে।

স্যান্টিয়াগো বলে, এই গ্রেফতার আসলে মালয়েশিয়ার ভারতীয় সম্প্রদায়ের প্রতি একটি 'হুঁশিয়ারি' এবং সেইসাথে বর্ণবাদী অনৈক্য সৃষ্টিকারী জাকির নায়েকের সমালোচনাকারীদের শাস্তি দেয়ার একটি হাতিয়ার। স্যান্টিয়াগো জানিয়েছে, জাকির নায়েকের আইনজীবীদের পাঠানো মানহানির একটি নোটিশ তিনি পেয়েছে। তারা জানিয়েছেন, স্যান্টিয়াগোর মন্তব্য জাকির নায়েয়ের সুনাম ক্ষুণ্ণ করেছে। জাকির নায়েক স্থায়ীভাবে মালয়েশিয়ায় বসবাস করছেন। তিনি দেশটির শীর্ষস্থানীয় কর্মকর্তাদের সাথেও সাক্ষাত করেন।

উল্লেখ্য, ভারতে জাকির নায়েকের বিরুদ্ধে অর্থপাচার ও সন্ত্রাসবাদের মদতদানের অভিযোগের তদন্ত চলছে। বেশ কয়েকটি দেশে তার ওপর নিষেধাজ্ঞা রয়েছে। প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ তাকে ভারতে ফেরত পাঠানোর ভারতীয় দাবি নাকচ করে দিয়েছেন। গত আগস্ট মাসে জাকির নায়েকের একটি মন্তব্য মালয়েশিয়ায় বেশ আলোচিত হয়। তিনি ওই সময় বলেছিলেন যে মালয়েশিয়ার জাতিগত ভারতীয় সম্প্রদায় ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রতি 'অনুগত।' তিনি মোদিকে মুসলিমবিরোধী হিসেবে অভিহিত করেন।

জাকির নায়েকের এই মন্তব্যের জন্য মন্ত্রিসভার কয়েকজন সদস্য শুরুতে তার তীব্র সমালোচনা করলেও জোটের অন্যান্য শীর্ষ রাজনীতিবিদ তার সমর্থন করে বিবৃতিতে দেন এবং তাকে 'ক্ষমা' করার জন্য মালয়েশিবাসীদের প্রতি আহ্বান জানান। মালয়-মুসলিম সম্প্রদায়কে সন্তুষ্ট রাখার জন্য তারা এ অবস্থান গ্রহণ করেছেন বলে রাজনৈতিক পর্যবেক্ষকেরা মনে করছেন। উল্লেখ্য, মালয়েশিয়ার ৬০ ভাগের বেশি লোক মুসলিম। জাকির নায়েক আরো কয়েকজন রাজনীতিবিদের বিরুদ্ধে মামলা করার হুমকি দিযেছেন। এদের মধ্যে রয়েছেন পেনাঙ রাজ্যের উপমুখ্যমন্ত্রী দ্বিতীয় পি রামসামী, মানবসম্পদমন্ত্রী এম কুলাসেগারান, পরিষদ সদস্য সতিশ মুনিয়ান্ডি।

মালয়েশিয়ার মিডিয়া গত মাসে ১২ জনের একটি দলকে গ্রেফতার করে। এদের মধ্যে দুজন ছিলেন ডিএপি পরিষদ সদস্য। তামিল টাইগারদের সাথে তাদের সম্পর্ক নিয়ে এখন তদন্ত চলছে। তাদের বিরুদ্ধে মালয়েশিয়ার সিকিউরিটি অফেন্সেস (স্পেশাল মেজার্স) আইনের অধীনে তদন্ত চলছে। এই আইনে যে কাউকে বিনা বিচারে ২৮ দিন আটক রাখা যায়।
খবরঃ নয়া দিগন্ত

কন্যাসন্তান হওয়াই যেন 'অপরাধ'। আর তার জেরে প্রাণ গেল সাতদিনের দুধের শিশুর। ছাদ থেকে ছুড়ে ফেলে হত্যা করা হলো এক শিশুকে।

ভারতের স্থানীয় সংবাদমাধ্যম সূত্রে জানা যায়, গত শুক্রবার রাতে ব্যাঙ্গালোরে মেদারাল্লি এলাকায় এই মর্মান্তিক ঘটনা ঘটেছে।

ওই শিশটির মা জানান, শাশুড়ির কাছে মেয়েকে রেখে গোসল করতে গিয়েছিলেন তিনি। ফিরে এসে আর মেয়ের দেখা পাননি। তা নিয়ে প্রশ্ন করলে শাশুড়ি জানান, কিছু লোক জোর করে বাড়িতে ঢুকে পড়েছিল। তারাই শিশুটিকে কেড়ে নিয়ে গেছে।

এই ঘটনা শুনার পর সন্দেহ হয় তামিলসেলভি। তাই তিনি পুলিশে খবর দেয়। পরে পুলিশ এসে তল্লাশি শুরু করলে, বাড়ির সংলগ্ন একটি খালি জায়গায় শিশুটির মরদেহ পায়। তার মাথায় গভীর ক্ষত ছিল। তা নিয়ে চেপে ধরতেই অপরাধ স্বীকার করে পরমেশ্বরী।

পুলিশ সূত্রে জানা যায়, ব্যাঙ্গালোরে একটি বেসরকারি হাসপাতালে সময়ের আগেই সন্তানপ্রসব করেন তামিলসেলভি। জন্মের পরই জন্ডিস ধরা পড়ে তার। কন্যাসন্তান হওয়ায় এমনিতেই অসন্তুষ্ট ছিলেন পরমেশ্বরী। শেষমেশ তাকে মেরে ফেলার সিদ্ধান্ত নেয় বলে অভিযোগ।

এমনিভাবে, ভারতীয় সংবাদমাধ্যম অমৃতবাজার সূত্রে জানা গেছে, গত মঙ্গলবার সন্ধ্যায় রাজ্যের সুনদারেসাপুরাম গ্রামে থেনপেন্নাই নদীর তীরে একটি গর্ত খুঁড়ে একটি শিশুর মরদেহ উদ্ধার করা হয়। আটক করা হয় শিশুটির বাবা বরধরাজনকে(২৯)।

শিশুটির মায়ের দেয়া তথ্য থেকে জানা যায়, ১৭ দিন আগে পন্ডিচেরি হাসপাতালে একটি কন্যাশিশুর জন্ম দেয়। তখন থেকেই শিশুটিকে মেরে ফেলার চেষ্টা করছে পুত্রপাগল বরধরাজন। কন্যা জন্ম দেয়ায় সে তার ওপর মানসিক নির্যাতনও চালিয়েছে ।

শিশুটির বয়স যখন তিনদিন, তখনই একবার তাকে হত্যার চেষ্টা করে বরধরাজন। ওই সময় স্বজনদের চোখে পড়ে যাওয়ায় সে পালিয়ে যায়।

পরে মঙ্গলবার শিশুটির মা ঘুমিয়ে পড়লে নবজাতকটিকে চুরি করে নদীর তীরে চলে যায় বরধরাজন।

সকালে ঘুম থেকে ওঠে বাচ্চাটিকে দেখতে না পেয়ে চিৎকার জুড়ে দেন মা। পুলিশকে খবর দিলে তল্লাশি চালিয়ে বরধরাজনকে আটক করা হয়। তার দেয়া তথ্যতেই নদীতীরে গর্ত খুঁড়ে উদ্ধার করা হয় বাচ্চাটির নিথর দেহ।
শিশুটির মরদেহ উদ্ধারের পর শোকের ছায়া নেমে এসেছে গ্রামটিতে।এর আগে ৩১ অক্টোবর হায়দ্রাবাদে মেয়ে নবজাতককে জীবন্ত অবস্থায় মাটিচাপা দেয়ার সময় তার বাবা ও দাদাকে আটক করা হয়। একই ধরনের ঘটনায়, ১৪ অক্টোবর দেশটির উত্তর প্রদেশ থেকে আরও এক বাবাকে আটক করা হয়।

'জয় শ্রীরাম' স্লোগান দিয়ে প্রাথমিক বিদ্যালয়ের সামনে গুলি ও বোমা ছুড়েছে একদল বাইক আরোহী। এটা গত শুক্রবারের ঘটনা। সেদিন পরীক্ষা ছিল ছোট বাচ্চাদের। নির্দিষ্ট সময়েই সকলে এসে দিতে শুরু করেছিল পরীক্ষা। হঠাতই প্রচণ্ড বোমার শব্দ, সেই সঙ্গে গুলি। মুহূর্তেই বদলে গেল পরিবেশ। আতঙ্ক ছড়িয়ে পড়ল ছাত্র থেকে অভিভাবকদের মধ্যে।

ভারতীয় সংবাদ মাধ্যম এই সময়ের বরাতে জানা গেছে, গত শুক্রবার সকালে ঘটনাটি ঘটেছে ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের নিউ কোচবিহার স্টেশন লাগোয়া বাইশগুড়ি এলাকায়।

স্থানীয় সূত্র জানিয়েছে, বাইক চড়ে একদল লোক স্কুল চলাকালীন জয় শ্রী রাম ধ্বনি দিয়ে এসে প্রাথমিক বিদ্যালয়ের সামনে গুলি ও বোমা ছোঁড়ে। অভিযুক্তরা পালিয়ে যাওয়ার পর বেশ কিছু গাড়ি ভাঙচুর করা হয় বলেও অভিযোগ উঠেছে। ঘটনাস্থল থেকে একটি তাজা বোমা ও দুই রাউন্ড গুলির খোল উদ্ধার করা হয়েছে।

স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, নিউ কোচবিহার রেল স্টেশন সংলগ্ন এফসিআই গুদামের শ্রমিক সংগঠনের দখল নিয়ে তৃণমূল ও বিজেপির মধ্যে বেশ কিছুদিন ধরেই গণ্ডগোল চলছে। এই ঘটনা তারই বহিঃপ্রকাশ। যদিও তৃণমূল ও বিজেপি একে অন্যের ঘাড়ে দোষ চাপিয়েছে।

এই ঘটনায় সবচেয়ে ক্ষতি হয়েছে কোমলমতি ছাত্রদের। স্কুলের বাইরে বোমা-গুলির শব্দে প্রবল আতঙ্কে ভুগছেন তারা।

এক অভিভাবক বলেন, এভাবে স্কুলের সামনে বোমা-গুলি চললে ছোট-ছোট ছেলেমেয়েদের নিরাপত্তা কোথায়? এরপর কোন সাহসে ওদের স্কুলে পাঠাবো?

ভারতের দারুল উলুম (ওয়াকফ) দেওবন্দে প্রখ্যাত ধর্মীয় সংগঠন ইসলামিক ফিকহ একাডেমির অনুষ্ঠেয় আন্তর্জাতিক একটি সেমিনার বন্ধ করে দিয়েছে দেশটির কট্টর হিন্দুত্ববাদী নরেন্দ্র মোদি সরকার।

ভারতের উর্দূ সংবাদসংস্থা জানিয়েছে, ৩০ নভেম্বর থেকে ২ ডিসেম্বর পর্যন্ত আন্তর্জাতিক ফিকহি সেমিনারটি দারুল উলুম ওয়াকফ দেওবন্দে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

এজন্য সব ধরনের প্রস্তুতিও গ্রহণ করেছিল দেওবন্দ মাদরাসা কর্তৃপক্ষ। কিন্তু শেষ পর্যন্ত মালাউন প্রশাসনের অনুমতি না থাকায় অনুষ্ঠানটি বাতিল করা হয়।

অনুমতি না দেয়ার কারণ হিসেবে উত্তর প্রদেশে ১৪৪ ধারা জারী থাকার কথা জানিয়েছে মালাউন যোগী আদিত্যনাথের নিয়ন্ত্রিত উত্তর প্রদেশ সরকার।

ইসলামিক ফিকহ একাডেমি ইন্ডিয়ার জেনারেল সেক্রেটারী মাওলানা খালেদ সাইফুল্লাহ রাহমানী আমন্ত্রিত অতিথিদের লিখিত চিঠিতে দাওয়াত প্রত্যাহারের বিষয়টি নিশ্চিত করেন।

তিনি জানান, ২৯ নভেম্বর থেকে ২ ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিতব্য এই প্রোগ্রাম আয়োজনের জন্য দারুল উলুম ওয়াকফ দেওবন্দ এবং ইসলামিক ফিকহ একাডেমির পক্ষ থেকে সবধরণের প্রস্তুতি নেয়া হয়েছিলো, কিন্তু পুরো উত্তর প্রদেশজুড়ে ১৪৪ ধারা জারী থাকার কারণে আমাদের সরকারের পক্ষ থেকে এই মুহূর্তে প্রোগ্রাম না করার জন্য লিখিতভাবে নিষেধ করা হয়েছে।

তাই নির্ধারিত তারিখে এই ফিকহি সেমিনারটি অনুষ্ঠিত হচ্ছে না।

এদিকে সরকারের পক্ষ থেকে লিখিতভাবে কোন প্রোগ্রাম না করার জন্য দেওবন্দ কর্তৃপক্ষকে নোটিশ পাঠানো হয়েছে। নোটিশে কোনো ধরণের আয়োজন না করতে কর্তৃপক্ষকে নির্দেশনা দেয়া হয়।

ভারতের ব্যাঙ্গালোরে আটক কথিত অবৈধ বাংলাদেশীদের পুশব্যাকের জন্য চুপচাপ সরিয়ে নেয়া হয়েছে পশ্চিমবঙ্গের উত্তরবঙ্গে। সেখান দিয়ে তাদেরকে পুশব্যাক করার কথা। তবে কবে, কখন পুশব্যাক করা হবে এ বিষয়ে সবাই মুখে কুলুপ এঁটেছে। 'বাংলাদেশী মাইগ্রেন্টস হুইস্কড অ্যাওয়ে টু নর্থ বেঙ্গল ফর পুশব্যাক' শীর্ষক প্রতিবেদনে এ কথা জানিয়েছে অনলাইন টাইমস অব ইন্ডিয়া।

এতে বলা হয়, ব্যাঙ্গালোর থেকে কথিত ৫৯ জন বাংলাদেশী অবৈধ অভিবাসীকে সম্প্রতি আটক করা হয়েছে। পুশব্যাকের অপেক্ষায় তাদেরকে কয়েকদিন রাখা হয়েছিল হাওড়ায় দুটি নিরাপদ আশ্রয়ে। কিন্তু সেখান থেকে উত্তরবঙ্গের দুটি স্থানে সরিয়ে নেয়ার জন্য পরিবহন

চাওয়া হয় পশ্চিমবঙ্গ সরকারের কাছে। এরপরই শুক্রবার দিনের আলো ফোটার আগেই তাদেরকে চুপিসারে সেখান থেকে সরিয়ে নেয়া হয়েছে উত্তরবঙ্গে।

পশ্চিমবঙ্গের কর্মকর্তারা বলছে, কলকাতা থেকে ৩০০ কিলোমিটারের বেশি উত্তরে মালদা জেলার সন্ত্রাসী রক্ষীদের নির্দেশ দেয়া হয়েছে স্ট্যান্ডবাই থাকতে, যেন তারা ২২ বন্দিকে আরধ্যাপুর এবং সাতমাইল আউটপোস্টের বিএসএফের কাছে হস্তান্তরে সহায়তা করতে পারে। কর্মকর্তারা বলছে, এক্ষেত্রে দক্ষিণ দিনাজপুর সীমান্তকেও বেছে নেয়া হতে পারে।

তবে সুনির্দিষ্টভাবে কোন সময়ে এবং কোন স্থান দিয়ে এসব কথিত বাংলাদেশীকে পুশব্যাক করা হবে সে বিষয়ে তথ্য জানাতে অস্বীকৃতি জানিয়েছে ভারতের কেন্দ্রীয় সরকারের এজেন্সি কর্মকর্তারা। তারা বলেছে, যথাযথ সময়ে উপযুক্ত পদক্ষেপ নেয়া হবে। ওদিকে শুক্রবার সকাল হওয়ার আগেই বন্দিদের সরিয়ে নেয়ার বিষয়ে মুখে কুলুপ এঁটেছে কর্নাটক প্রশাসনও।

হাওড়ার পুলিশ কর্মকর্তারা টাইমস অব ইন্ডিয়াকে বলেছে, শুক্রবার স্থানীয় সময় ভোর ৪টা ৩০ মিনিটে বন্দিদের একটি আশ্রয়স্থল (হাওড়ার নিশ্চিন্দ) খালি করে দিতে বলা হয়। সেখান থেকে তাদেরকে গাড়িতে তোলা হয়। ওই গাড়ি ছুটে যায় হাওড়া স্টেশনের দিকে। গত মাসে কর্নাটকের রাজধানী থেকে ৫৯ জন কথিত অবৈধ বাংলাদেশীকে আটক করার পর ব্যাঙ্গালোরের ফরেনার্স রিজিয়নাল রেজিস্ট্রেশন অফিস তাদেরকে ফেরত পাঠানোর নির্দেশ জারি করে।

পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের একজন কর্মকর্তা বলেছে, লজিস্টিক সাপোর্ট দেয়া এবং এর শেষ করা হলো রাজ্যের দায়িত্ব। কিন্তু এবারই প্রথম রাজ্য এসব বন্দিকে এক সপ্তাহ ধরে বন্দি শিবিরে রেখেছে। গত শনিবার থেকে ৫৯ বন্দিকে কলকাতায় আশ্রয় দেয়ার কথা জানায় টাইমস অব ইন্ডিয়া।

বাবরি মসজিদ দীর্ঘদিনের রাজনৈতিক, ঐতিহাসিক ও সামাজিক-ধর্মীয় বিবাদের বিষয়। ভারতের মালাউন সুপ্রিম কোর্ট সম্প্রতি একটি মাইলফলক রায় দিয়েছে, যেখানে এই জায়গার প্রতি মুসলিমদের দাবি নাকচ করে দেয়া হয়েছে। ১৯৯২ সালে সন্ত্রাসী দল বিজেপির নেতৃত্বে হিন্দুদের একটি গুণ্ডা দল ৪৯১ বছরের পুরনো এই মসজিদটি গুঁড়িয়ে দেয়। প্রথম মুঘল সম্রাট বাবর ১৫২৮ সালে এই মসজিদটি নির্মাণ করেছিলেন। হিন্দুদেরকে এই বিতর্কিত জায়গার

অধিকার দেয়া হয়েছে, যেটাকে হিন্দু দেবতা রামের জন্মস্থান বলে দাবি করা হয় এবং এখানে একটি মন্দির ছিল বলে মিথ্যা দাবি করা হয়। রায়ে মসজিদের ধ্বংসস্তুপের উপর মন্দির নির্মাণের জন্য একটি হিন্দু কমিটিকে দায়িত্ব দেয়া হয়।

ঐতিহাসিক দলিলপত্রে দেখা যাচ্ছে বাবরি মসজিদটি অযোধ্যার কেন্দ্রে একখণ্ড উঁচু জমির উপর নির্মাণ করা হয়, যে জায়গাটাকে মানুষ রামদুর্ঘ বা রামকোট বলে ডাকতো। ১৫২৮ সালে সেখানে কোন মন্দির ছিল না যেটাকে বাবর বা মুসলিমরা ধ্বংস করেছে বলে দাবি করা যায়।

রাম বা রামা হিন্দুত্ববাদের কাল্পনিক একজন প্রধান দেবতা। দেবতা বিষ্ণুর সে সপ্তম এবং অন্যতম জনপ্রিয় অবতারদের মধ্যে একজন। দেবতা রামের গল্প ও তার জীবন কাহিনী রামায়ন নামে পরিচিত এবং প্রাচীন ভারতের সংস্কৃত মহাকাব্যগুলোর মধ্যে এটা অন্যতম। আজও ভারতের হিন্দু সংস্কৃতিতে বিশেষ করে ভারতের ফোক থিয়েটারগুলোতে এটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। জনপ্রিয় হিন্দুত্ববাদী টিভি সিরিজগুলোতে এই গল্পভিত্তিক কাল্পনিক চরিত্র সিরিজটি অন্যতম জনপ্রিয়, এবং এর মাধ্যমেই সেটা মূলত সব হিন্দুর মনে সজিব রয়েছে। গল্পের ভাষ্য অনুসারে রামা কোসালার রাজা দশরথের পুত্র। এই রাজ্যের রাজধানী ছিল অযোধ্যা এবং রাজ্যটি ছিল উত্তর ভারতে, আজকের উত্তর প্রদেশে। এই রাজ্য যখন বর্তমান ছিল বলে বলা হয় এবং রামা যখন জীবিত ছিলেন, সে সময়টা ছিল ১১০০ খ্রিস্টপূর্ব থেকে ৫০০ খ্রিস্টপূর্বের মাঝামাঝি। ৫০০ খ্রিস্টপূর্ব সালে অযোধ্যা জয় করে প্রতিবেশী বৌদ্ধ রাজা মাগাধা। রামা যদি ঐতিহাসিক কোন ব্যক্তি হয়ে থাকে, তাহলে সে হয়তো বৌদ্ধধর্মেরও আগে বাস করেছে, যেখানে বৌদ্ধরা এখানকার ক্ষমতা নিয়েছিল ২৭০০ বছর আগে বেদিক সময়ে, যেটা ৫০০ খ্রিস্টপূর্বেরও অনেক আগে।

৫০০ বছর ধরে বাবরি মসজিদ নিয়ে কোন বিতর্ক ছিল না। ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের সময় উনিশ শতকের শুরুর দিকে ব্রিটিশরা যখন ভারতের হিন্দু ধর্মগুলোকে একত্র করে একটি হিন্দু ধর্মে রূপ দিলো, তখন হিন্দু-মুসলিম দাঙ্গার কারণে প্রথম বিতর্কের সূত্রপাত হয়। অযোধ্যাতে প্রথম ধর্ম-ভিত্তিক দাঙ্গা হয় ১৮৫০ সালে হনুমান গিরির কাছের একটি মসজিদকে কেন্দ্র করে। সে সময় হিন্দুরা বাবরি মসজিদের উপর হামলা করে। তখন থেকে স্থানীয় হিন্দু গ্রুপগুলো মাঝে মাঝে এই দাবি করে আসছে যে, তাদের ওই জমির অধিকার ফিরে পাওয়া উচিত এবং সেখানে তাদের মন্দির নির্মাণ করতে দেয়া উচিত, কিন্তু ঔপনিবেশিক সরকারগুলো সেই দাবি সবসময় নাকচ করে দিয়েছে। ১৯৪৬ সালে হিন্দু মহাসভার একটি অংশ অখিল ভারতীয় রামায়ন মহাসভা (এবিআরএম) এই জমির অধিকার নিয়ে আন্দোলন শুরু করে। ১৯৪৯ সালে, গোরাখনাথ মঠের সান্ত দিগবিজয় নাথ এবিআরএমে যোগ দেয় এবং নয়দিনের

তুলসির রামায়ন পাঠের আয়োজন করে। এই নয় দিন শেষে হিন্দু উগ্রপন্থীরা জোর করে মসজিদে প্রবেশ করে এবং সেখানে রাম ও সীতার মূর্তি স্থাপন করে। মানুষকে বলা হয় যে, অলৌকিকভাবে এই মূর্তিগুলো সেখানে এসেছে। এই দিনটি ছিল ১৯৪৯ সালের ২২ ডিসেম্বর।

জওহরলাল নেহরু ওই মূর্তিগুলো সরিয়ে নেয়ার নির্দেশ দিলেও স্থানীয় কর্মকর্তা কে কে কে নাইর সেটা মানেনি। পরে মালাউন পুলিশ মসজিদটি ঘিরে রাখলেও সেখানে ঢুকে পূজা করার অনুমতি দেয়া হয় হিন্দু পুরোহিতদের। এভাবে কার্যত মসজিদটি মন্দিরে পরিণত হয়। হিন্দু ও মুসলিম উভয়েই জায়গাটির অধিকার দাবি করে মামলা করলে আদালত জায়গাটিকে বিতর্কিত ঘোষণা করে এবং সেটি বন্ধ রাখা হয়। ১৯৯২ সালের ৬ ডিসেম্বর হিন্দু জাতীয়তাবাদী বিশ্ব হিন্দু পরিষদের একটি বড় সন্ত্রাসী দল এবং তাদের মিত্র গুণ্ডা দলগুলো একত্র হয়ে মসজিদের উপর হামলা করে সেটিকে গুড়িয়ে দেয়। এই ঘটনা দাঙ্গায় রূপ নিলে সে সময় প্রায় দুই হাজার মুসলিমকে হত্যা করা হয়।

আদালতের নির্দেশে প্রত্নতাত্ত্বিকরা জরিপ করে বলেছেন যে, এমন কোন চিহ্ন নাই, যেটা থেকে বোঝা যায় ওই জায়গায় হয়তো মন্দির ছিল। অনেক প্রত্নতত্ত্ববিদ বলেছেন, এতে কোনভাবেই প্রমাণিত হয় না যে, রাম সেখানেই জন্মেছিলে। সুপ্রিম কোর্টের রায়ে এই সব রিপোর্টের কিছুটা উদ্ধৃত করা হয়েছে। সুপ্রিম কোর্টের রায় তাই তথ্যভিত্তিক হয়নি, রায় দেয়া হয়েছে চরমপন্থী বিজেপির পদাঙ্ক অনুসরণ করে।

অযোধ্যা রায়টি তাই কোন বিস্ময় হয়ে আসেনি। ক্ষমতাসীন সন্ত্রাসী দল বিজেপি সরকার এবং তাদের প্রধানমন্ত্রী মোদি – যে আরএসএসের আজীবন সদস্য – তারা হিন্দু জাতীয়তাবাদী আদর্শের সাথে ঘনিষ্ঠভাবে জড়িত, যারা মনে করে যে, মুসলিমরা হয় বাইরে থেকে এসেছে এবং পাকিস্তানের তারা পঞ্চম স্তম্ভ বা সর্বোচ্চ তারা বিভ্রান্ত ধর্মান্তরিত ব্যক্তি যাদেরকে পরিচ্ছন্নতা অনুষ্ঠানের (ঘরওয়াপসি) মাধ্যমে হিন্দুত্ববাদের দিকে ফিরিয়ে আনতে হবে। বিজেপি ও মোদির নীতির কারণে এরই মধ্যে ভারতে হাজার হাজার মুসলিম নিহত হয়েছে, সেটা ১৯৯২ সালের অযোধ্যার ঘটনাতেই হোক, বা ২০০২ সালের গুজরাটের ঘটনাতে হোক বা 'সেক্যুলার' ভারতে সঙ্ঘটিত অগনিত মুসলিম-বিরোধী দাঙ্গাতেই হোক। আরও উদ্বেগের কারণ হলো ভারতের মালাউন সুপ্রিম কোর্ট বিজেপির মতো একই হিন্দুবাদের বাঁশিতে ফু দিচ্ছে। অযোধ্যার রায়ের আগেই সুপ্রিম কোর্ট ভারতের একতরফা ৩৭০ ও ৩৫(এ) অনুচ্ছেদ বাতিলের সিদ্ধান্ত অনুমোদন দিয়েছে। ভারতের অনেক সাবেক সুপ্রিম কোর্টের বিচারপতিসহ বহু সিনিয়র বিশ্লেষক এই প্রশ্ন তুলেছেন যে, তথ্যপ্রমাণের ভিত্তিতে এই রায় দেয়া হয়নি, দেয়া হয়েছে

ধারণা ও অনুমানের ভিত্তিতে। অযোধ্যা এবং সারা দেশে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থার মধ্যে এই রায় দেয়া হয়।

ভারতের মুসলিমদের শান্ত রাখার জন্য এটা কি যথেষ্ট হবে? মুসলমানরা কি মসজিদ রক্ষার জন্য জীবনবাজী রাখবে না? যদি ভারতীয় মুসলমানেরা তাতে অপারগ হয়ে যায় তাহলে কি বিশ্বের অন্যান্য মুসলিমরা বাবরী মসজিদ রক্ষায় ভারতীয় মুসলিমদের সহায়তায় এগিয়ে আসবে না? মসজিদের পবিত্রতা রক্ষা করা কি শুধু ভারতীয় মুসলমানদের দায়িত্ব? বিশ্বের অন্যান্য মুসলিমদের কি কোন দায়িত্ব নেই?

যখন ভারতে তাদের মুসলিম ভাইদেরকে হয়রানি করা হচ্ছে এবং তাদের উপর নির্যাতন চালানো হচ্ছে। মসজিদের উপর মন্দির নির্মাণের ঘোষণা দেওয়া হচ্ছে। তখন কেউ এই প্রশ্ন করতেই পারেন যে, আরব অনারব মিলিয়ে এতগুলো মুসলিম দেশ, মুসলিমেরা কোথায় গেলো? তাঁরা কি ভারতীয় মুসলিমদের সহায়তায় এগিয়ে আসবে না?

সূত্র: সাউথ এশিয়ান মনিটর

সমাপ্ত